অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্তৃক কারাগার পুনঃউন্নয়ন কমিশনের সুপারিশসমূহ প্রকাশ

"সুযোগ উদঘাটন" রিপোর্ট কমিশনের অনুসন্ধানলব্ধ তথ্যগুলোর সারসংক্ষেপ উপস্থাপন করে, সফলভাবে কারাগার পুনঃউন্নয়নের ভিত্তি স্থাপনের জন্য স্বল্প ও দীর্ঘ-মেয়াদী সুপারিশ প্রদান করে

কমিশনের রিপোর্টটি পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কের কারাগার পুনঃউন্নয়ন কমিশনের (New York Prison Redevelopment Commission) সুপারিশসমূহ প্রকাশ করেছেন, যে কমিশন হলো নিউ ইয়র্ক ব্যাপী বন্ধ হয়ে যাওয়া কারাগারগুলোর উদ্ভাবনমূলক পুনঃউন্নয়নের জন্য পুনরায় ভাবনার উদ্দেশ্যে এবছরের শুরুতে গভর্নর কর্তৃক আহবান করা 15 সদস্য বিশিষ্ট একটি প্যানেল। এসব সুপারিশ *সুযোগ উদঘাটন: কারাগার পুনঃউন্নয়ন কমিশনের রিপোর্ট-এ উন্মোচন করা হয়েছে* যেটি 140 পৃষ্ঠার একটি রিপোর্ট যেখানে 12টি বন্ধ হয়ে যাওয়া কারাগারের সাইট নিয়ে বিস্তারিত বিশ্লেষণ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং স্টেটের অর্থনৈতিক প্রয়োজনগুলো আরো ভালোভাবে পূরণ করতে সেগুলোকে সাহায্য করার জন্য প্রতিটি সাইটের জন্য পুনঃউন্নয়নের সুযোগগুলো বিবেচনা করা হয়েছে।

"নিউ ইয়র্কের অর্থনীতিকে সামনে এগিয়ে নিয়ে যাওয়া অব্যাহত রাখার এই সময়ে, আমরা স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে বিনিয়োগ করছি, যার মধ্যে বন্ধ হয়ে যাওয়া কারাগারের সম্পত্তিগুলোকে আঞ্চলিক সুযোগ-সুবিধার হাব হিসেবে পুনরায় চিন্তা-ভাবনা করা অন্তর্ভুক্ত রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমি আনন্দিত যে এই কমিশন তাদের ডিউ ডিলিজেন্স সম্পন্ন করেছে এবং কর্মসংস্থান তৈরি করা, করদাতাদের অর্থ সাশ্রয় করা, এবং এসব ভবনকে অর্থনৈতিক ইঞ্জিন হিসেবে নতুন জীবন দান করার জন্য কমিউনিটির মতামতের উপর ভিত্তি করে এসব সুপারিশ প্রদান করেছে। "

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "এই কমিশনের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতে পেরে এবং আমাদের অব্যবহৃত ও যথাযথভাবে ব্যবহার না হওয়া কারাগারের ফ্যাসিলিটিগুলোর ভবিষ্যত উন্নয়নের জন্য এই সমন্বিত রিপোর্ট সংকলনের কাজটি সম্পন্ন হওয়ায় আমি গর্বিত। বিস্তৃত গবেষণা ও স্টেকহোল্ডারদের সম্পৃক্ততার সহায়তায়, এই কমিশনের কাজের মাধ্যমে,

কার্যক্ষম ও বাস্তবসম্মত সুপারিশ প্রদান করা হয়েছে, যা ভবিষ্যতের সময়গুলোতে প্রভাবিত কমিউনিটিগুলোর অনুসরণ করার জন্য একটি রোডম্যাপ তৈরি করতে সাহায্য করবে।"

কারাগার পুনঃউন্নয়ন কমিশনের সহ-সভাপতি ড্যারেন ওয়াকার বলেন, "এই রিপোর্ট নিউ ইয়র্ক স্টেটের বন্ধ হয়ে যাওয়া কারাগারগুলোকে অর্থনৈতিক ও সাংস্কৃতিক সজীবতার উৎস হিসেবে পুনরায় গড়ে তোলার জন্য একটি পরিকল্পনা তুলে ধরেছে, যা প্রভাবিত কমিউনিটিগুলো যাতে তাদের সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় হাতিয়ারগুলো পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করবে। এই কমিশনের সুপারিশগুলোর জন্য আমরা কৃতজ্ঞ এবং আমরা এসব পুনঃউন্নয়ন পরিকল্পনা বাস্তব রূপ লাভ করতে দেখার প্রত্যাশা রাখি।"

গভর্নরের নির্দেশক্রমে, কারাগার পুনঃউন্নয়ন কমিশন, যেটি কমিউনিটি ও অর্থনৈতিক উন্নয়ন, রিয়েল এস্টেট, ক্রিমিনাল জাস্টিস ব্যবস্থার পুনর্গঠন, এবং সরকারি খাতগুলোর শীর্ষস্থানীয় বিশেষজ্ঞদের নিয়ে গঠিত, খালি পড়ে থাকা ও পরিত্যক্ত কারাগার ফ্যাসিলিটিগুলোর সৃজনশীল ব্যবহারের জন্য কিছু সুপারিশ প্রণয়নের জন্য গত ছয় মাসে বেশ কয়েকবার স্টেট সংস্থা, কমিউনিটি স্টেকহোল্ডার, এবং অর্থনৈতিক উন্নয়ন সংস্থাগুলোর সঙ্গে সাক্ষাত করেছে। সেইসাথে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর তরফ থেকে একটি টিম পোর্টফোলিওতে থাকা বন্ধ হয়ে যাওয়া প্রতিটি কারাগার পরিদর্শন করেন এবং স্থানীয় নেতৃবৃন্দ ও কমিউনিটি সদস্যদের সঙ্গে সাক্ষাত করেন। চূড়ান্ত পর্যায়ে গিয়ে, এই কমিশন বন্ধ হয়ে যাওয়া কারাগারগুলোর পুনঃউন্নয়ন সহজতর করার জন্য 13টি সুপারিশের খসড়া প্রণয়ন করেছে, যার মধ্যে রয়েছে:

- দুইটি প্রস্তাব আহবান প্রকাশ করা এবং RFP প্রক্রিয়ার মাধ্যমে ESD-এর জন্য সহায়তা প্রদান করাকে অগ্রাধিকার দেওয়া।
- কারাগার পুনঃউন্নয়ন তহবিল (Prison Redevelopment Fund) নামক একটি মূলধনী অনুদান কর্মসূচি চালু করা, যেটি স্টেটের কাছ থেকে সাইটগুলো অধিগ্রহণকারী ডেভেলপার এবং/অথবা লোকালয়গুলোর জন্য তহবিলের ব্যবস্থা করবে।
- বন্ধ হয়ে যাওয়া কারাগারগুলোর কমিউনিটিগুলোকে বন্ধ হয়ে যাওয়া ফ্যাসিলিটিগুলো পরিচালনা করতে (অবকাঠামো অধিগ্রহণ ও রক্ষণাবেক্ষণের কাজে) সাহায্য করার জন্য একটি মিউনিসিপ্যাল কারিগরি সহায়তা তহবিল (Municipal Technical Assistance Fund) তৈরি করা।
- প্রভাবিত কমিউনিটিগুলোতে প্রচারকার্য পরিচালনা ও জনমত গঠনে সহায়তা করার জন্য একটি কমিউনিটি সম্পৃক্ততা প্রক্রিয়া প্রতিষ্ঠা করা।
- ভবিষ্যতের কারাগারের RFP-গুলোতে অথবা অন্যান্য কারাগার পুনঃউন্নয়ন প্রচেষ্টাগুলোতে আবাসনকে অগ্রাধিকার দেওয়া।
- নবায়নযোগ্য জ্বালানির সুযোগ-সুবিধা ও অংশীদারিত্ব খতিয়ে দেখা।

কমিশনের রিপোর্টটিতে সবগুলো সুপারিশের পাশাপাশি প্রতিটি প্রস্তাবের অবস্থা ও সময়কাল, গুরুত্বপূর্ণ সংস্থা ও অংশীদারসমূহ, এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ইতোমধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণে সচেষ্ট হয়েছে যেগুলো সাইটগুলোকে পুনর্ব্যবহারের জন্য আরো ভালো অবস্থানে নিয়ে যাবে, যেমন:

- ওগডেন্সবার্গ, মাউন্ট ম্যাকগ্রেগর, ও উইলার্ড সাইটে রেজর ওয়্যার সরানো।
- ভবনগুলোর অবস্থার দ্রুত অবনতি ঘটা রোধ করতে উইলার্ড, মোরিয়াহ, ও ওগডেন্সবার্গ সাইটে সিস্টেমগুলো সচল রাখতে নিবেদিত থাকা।
- 2023 সালে ওয়াটারটাউন ও ডাউনস্টেট সাইটের জন্য RFP-গুলো প্রকাশ করাকে অগ্রাধিকার দেওয়া।

আপস্টেট নিউ ইয়র্কে কয়েকটি কারাগার বন্ধ হয়ে যাওয়ার পরে 2022 সালের মে মাসে গভর্নর হোকল কারাগার পুনঃউন্নয়ন কমিশন আহবান করেন। 2021 সালে, স্টেট কারারুদ্ধ লোকের সংখ্যা কমে যাওয়ার কারণে ধারণক্ষমতার যথাযথ ব্যবহার না হওয়া ছয়টি কারাগার বন্ধ ঘোষণা করে। সর্বমোট, গত 15 বছরে স্টেটজুড়ে 20টিরও বেশি কারাগার বন্ধ হয়ে গেছে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "পুরোনো অবকাঠামোগুলোতে নতুন প্রাণের সঞ্চার করার ক্ষেত্রে অন্য কেউ নিউ ইয়র্ক স্টেটের মতো কাজ করতে পারে না। এই অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়া চলাকালীন সময়ে তাদের অমূল্য মতামত শেয়ার করার জন্য আমি নিউ ইয়র্কবাসীদেরকে ধন্যবাদ জানাই এবং এসব ফ্যাসিলিটি বন্ধ হয়ে যাওয়ার দ্বারা প্রভাবিত হওয়া কমিউনিটিগুলোর জন্য সুস্পষ্ট ফলাফল নিয়ে আসবে এমন অর্থনৈতিক সমাধানগুলো বাস্তবায়ন করার জন্য আমি উচ্ছসিত হয়ে আছি। আমি নিউ ইয়র্কবাসীদেরকে এসব কমিউনিটিতে তৈরি হওয়া নতুন ক্যারিয়ারের সুযোগ-সুবিধা কাজে লাগাতে দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তরের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসেইড বলেন, "স্থানীয় স্টেকহোল্ডারদের কমিউনিটিগুলোর জন্য সেরা সমাধানগুলো প্রদান করার জন্য আমাদের টিম তাদের মতামত শোনার জন্য নিরলসভাবে কাজ করেছে। এই কমিশনের সুপারিশগুলো এসব ফ্যাসিলিটিতে বাস্তবসম্মত আইডিয়া নিয়ে আসছে, এবং সেগুলোকে আগামী বহু বছর ধরে আপস্টেট কমিউনিটিগুলোকে সবচেয়ে ভালোভাবে সেবা করার মতো অবস্থানে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision)-এর ভারপ্রাপ্ত কমিশনার অ্যান্থনি অ্যানুসি বলেন, "কারাগারগুলো বন্ধ হয়ে যাওয়ার দ্বারা প্রভাবিত হওয়া কমিউনিটিগুলোর জন্য এসব সম্পত্তি পুনঃউন্নয়ন করা কতটা মূল্যবান ভূমিকা পালন করবে সে সম্পর্কে এই ডিপার্টমেন্টের প্রত্যক্ষ ধারণা রয়েছে। এই কমিশনের সুপারিশগুলো এসব ফ্যাসিলিটি নিয়ে পুনরায় ভাবা এবং আশেপাশের কমিউনিটিগুলোর ব্যবসা প্রতিষ্ঠান ও অধিবাসীদেরকে উপকৃত করবে এমন পুনর্ব্যবহারের সুযোগ সম্প্রসারণ করার জন্য সামনে এগিয়ে যাওয়ার একটি উপযুক্ত পথ প্রদান করছে। আমি কারাগার পুনঃউন্নয়ন কমিশন গঠনের জন্য গভর্নরের প্রশংসা করি, এই ডিপার্টমেন্ট এই উদ্যোগের জন্য অবদান রাখতে পেরে গর্বিত

এবং এসব সম্পত্তির উন্নয়নের জন্য আমাদের অংশীদারিত্ব অব্যাহত থাকবে বলে প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS)-এর কমিশনার জেনেট এম. ময় বলেন, "অনেক বিলম্বের পরে, গভর্নর হোকলের কারাগার পুনঃউন্নয়ন কমিশন কারাগার বন্ধ হয়ে যাওয়ার দ্বারা প্রভাবিত স্টেট ও স্থানীয় কমিউনিটিগুলোর জন্য চ্যালেঞ্জ সৃষ্টিকারী একটি সমস্যা সমাধান করার জন্য পরিকল্পনা তৈরি করেছে। এই কমিশনের একজন সদস্য হিসেবে, আমি এসব কমিউনিটিকে উপকৃত করবে এবং স্টেটের অর্থনীতিকে সমৃদ্ধ করবে এমন উপায়ে এসব সম্পত্তির পুনঃউন্নয়নের লক্ষ্যে আমাদের শুরু করা কাজটি চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418